# জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
ওয়েবসাইট: www.jgtdsl.gov.bd

জালালাবাদ গ্যাস

স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার গ্রাহকদের দক্ষ, সাশ্রয়ী ও টেকসই সমাধান।

শুদ্ধাচার চর্চা করি সমৃদ্ধ সোনার বাংলা গড়ি

বিনা কারণে গ্যাসের চুলা জ্বালিয়ে রাখা আর বিপদকে ডাকা একই বিষয়

# "প্রি-পেইড গ্যাস মিটার সংক্রান্ত জনসচেতনতামূলক বিজ্ঞপ্তি"

- জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লি: (জেজিটিডিএসএল) কর্তৃক আবাসিক শ্রেণির সম্মানিত গ্রাহক আঙ্গিনায় স্থাপিত প্রি-পেইড গ্যাস মিটারসমূহ স্মার্ট টাইপ (জিপিআরএস + এনএফসি প্রযুক্তি সম্পন্ন) উন্নত ও ডিজিটাল গ্যাস পরিমাপের মিটার। আপনাদের নিকটস্থ অনুমোদিত ব্যাংক ও এর শাখাসমূহ হতে প্রিপেইড কার্ড (এনএফসি কার্ড) রিচার্জ করে মিটার চালু করা যায়। এছাড়াও গুগল প্লে-স্টোর হতে **"জেজিটিডিএসএল প্রিপেইড"** অ্যাপস ডাউনলোড করে মোবাইলের মাধ্যমে এমএফএস প্লাটফর্ম **"উপায়"**, **"রকেট"**, **"নগদ"** পেমেন্ট গেটওয়ে ব্যবহার করে অনলাইনে ঘরে বসে দিন-রাত যে কোনো সময়ে যে কোন স্থান হতে এ মিটারটি রিচার্জ করা যায়। জুলাই/২০২৪ হতে এমএফএস প্লাটফর্ম **"বিকাশ"** পেমেন্ট গেটওয়ে ব্যবহার করে প্রিপেইড গ্যাস মিটার রিচার্জ করা যাবে। জেজিটিডিএসএল'র ওয়েবসাইট : www.jgtdsl.gov.bd এর **"ই-সেবাসমূহ"** বক্স এ **"প্রিপেইড গ্যাস মিটার সংক্রান্ত তথ্য"** বাটন হতে প্রিপেইড গ্যাস মিটার রিচার্জ পদ্ধতি (এনএফসি কার্ড ও জেজিটিডিএসএল প্রিপেইড অ্যাপস ব্যবহার করে) ম্যানুয়াল ও ভিডিও, রিচার্জের জন্য অনুমোদিত ব্যাংক ও শাখার তালিকা, সম্মানিত গ্রাহকদের করণীয় সম্পর্কিত সাধারণ নির্দেশনাবলীসহ প্রয়োজনীয় তথ্যাদি ডাউনলোড করা যেতে পারে।
- স্মার্ট প্রযুক্তির এ মিটারটির ডিজাইন লাইফ ১০ বছর এবং সরবরাহকারী প্রদত্ত ওয়ারেন্টি পিরিয়ড ০৩ বছর। ওয়ারেন্টি পিরিয়ডের মধ্যে কারিগরী কারণে মিটারে কোন ত্রুটি দেখা দিলে তা জেজিটিডিএসএল কর্তৃক প্রতিস্থাপন করা হবে।
- বিনা কারণে মিটারে হাত দিবেন না। গ্যাস মিটারের টাচ বাটনটি অপ্রয়োজনে চাপাচাপি করা যাবেনা; এতে ব্যাটারির আয়ুস্কাল দ্রুত নিঃশেষ হয়ে যাবে।
- সম্মানিত গ্রাহকের আঙ্গিনায় স্থাপিত প্রিপেইড গ্যাস মিটারের যথাযথ ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও এর নিরাপত্তা/সুরক্ষা প্রদান গ্রাহকের নৈতিক দায়িত্ব। আপনার আঙ্গিনায় স্থাপিত গ্যাস মিটারের সুরক্ষার জন্য মিটার শেড/স্বচ্ছ মিটার বক্স স্থাপন করুন। মূল্যবান এ মিটারটি ব্যবহারে যত্নশীল হোন।
- মিটারের কোন প্রকারের ক্ষতি সাধন, অবৈধ হস্তক্ষেপ, মিটার বন্ধ/খুলে রাখা, অনুমোদনের অতিরিক্ত চুলা ব্যবহার ইত্যাদি শাস্তিযোগ্য অপরাধ। এরুপ ক্ষেত্রে গ্যাস আইন ২০১০ ও গ্যাস বিপণন নিয়মাবলী ২০১৪ অনুযায়ী জেজিটিডিএসএল কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ব্যালেন্স শেষ হয়ে মিটারটির Valve Close হয়ে গেলে/গ্যাস বন্ধ হয়ে গেলে মিটারের টাচ বাটনে ১ সেকেন্ড চাপ দিয়ে ধরুন। মিটারটির ভাল্ব Open হয়ে যাবে এবং ৮ ঘনমিটার ইমার্জেন্সি ব্যালেন্স যোগ হয়ে গ্যাস সরবরাহ চালু হবে; যা পরবর্তী রিচার্জের সময়ে সমন্বয় করা হবে।
- প্রিপেইড মিটার স্থাপনের পূর্বে সম্মানিত গ্রাহকদের কোন গ্যাস বিল বকেয়া থাকলে তা দ্রুত পরিশোধ করুন; অন্যথায় গ্যাস বিল তথা সরকারী রাজস্ব আদায়ের স্বার্থে আপনার গ্যাস সরবরাহ যে কোন সময়ে বিচ্ছিন্ন করা হতে পারে।
- প্রতিমাসে প্রথম রিচার্জের সময়ে নির্ধারিত মিটার ভাড়া আদায় করা হবে; ঐ মাসে পরবর্তী সময়ে মিটার রিচার্জের প্রয়োজন হলে কোন মিটার রেন্ট কাটা হয়না। মনে রাখবেন কোন মাসে রিচার্জ করা না হলে পরবর্তী মাসের ১ম রিচার্জের সময়ে পূর্ববর্তী মাসের মিটার রেন্ট চলতি মাসের সাথে একত্রে আদায় করা হবে।
- আপনাদের বাসার অভ্যন্তরীণ গ্যাস পাইপলাইন (জিআই লাইন) ও ফিটিংসসমূহের সংযোগস্থল এবং চুলার নব/বাটন/হোসপাইপ/পিতলের চাবি ইত্যাদিতে লিকেজ আছে কি না নিয়মিত পরীক্ষা করুন। বাসা বাড়িতে লিকেজ পরিলক্ষিত হলে রাইজারের চাবি বন্ধ করে দ্রুত অনুমোদিত ও দক্ষ মিস্ত্রি দিয়ে লিকেজ মেরামতের ব্যবস্থা করুন।
- প্রকল্পের আওতায় বিনামূল্যে সরবরাহকৃত আপনার এনএফসি কার্ডটি সযত্নে সংরক্ষণ করুন। এটি হারিয়ে গেলে গ্রাহক সংকেত নাম্বার ও মিটার নাম্বার উল্লেখপূর্বক সংশ্লিষ্ট থানায় জিডি করে উক্ত জিডি'র কপি ও এনআইডি'র কপিসহ সংশ্লিষ্ট আবিকায় আবেদন করতে হবে। অত:পর সংশ্লিষ্ট আবিকা হতে নির্ধারিত ফি/মূল্যের চাহিদাপত্র ইস্যু করা হলে তা নির্দিষ্ট ব্যাংকে জেজিটিডিএসএল'র অনুকূলে জমা প্রদান করে নিয়মানুযায়ী সংগ্রহ করতে হবে।
- সম্মানিত গ্রাহকগণ প্রিপেইড গ্যাস মিটার সংক্রান্ত যে কোন তথ্য জানতে জেজিটিডিএসএল'র ওয়েবসাইট : www.jgtdsl.gov.bd ভিজিট করুন। এছাড়াও গ্রাহকগণের যে কোন প্রয়োজনে প্রিপেইড গ্যাস মিটারের **টেকনিক্যাল সাপোর্ট সেন্টারের নম্বর: ০১৩১৪৭১৬২৮৯, ০১৩১৪৭১৬৩৭৪, ০৯৬৩৮৬৬৪৪৫৫** কিংবা জেজিটিডিএসএল হটলাইন নম্বরঃ **১৬৫১১** অথবা নিকটস্থ আঞ্চলিক বিতরণ কার্যালয়ের নিম্নবর্ণিত নম্বরে যোগাযোগ করা যেতে পারে। টেকনিক্যাল সাপোর্ট সেন্টারের কোন নম্বর ব্যস্ত পেলে দয়া করে ধৈর্য– সহকারে অপেক্ষা করুন; মোবাইল ফোনের অপর প্রান্তে বিদ্যমান সম্মানিত গ্রাহককে সেবা প্রদান শেষ হলে পরবর্তীতে আপনার গুরুত্বপূর্ণ ফোনটি গ্রহণ করে সেবা প্রদান করা হবে। এ বিষয়ে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

| | | | |
|---|---|---|---|
| ব্যবস্থাপক (আবিকা সিলেট-পূর্ব)<br>কুমারপাড়া, সিলেট<br>মোবাঃ ০১৭৩০-৩১২০৭৯ | ব্যবস্থাপক (আবিকা সিলেট-পশ্চিম)<br>কুমারগাঁও, সিলেট<br>মোবাঃ ০১৭৩০-৩১২০৮০ | আবিকা প্রধান (আবিকা সিলেট-উত্তর)<br>মজুমদারী, সিলেট<br>মোবাঃ ০১৭৩০-৩১২০৭৪ | আবিকা প্রধান (আবিকা সিলেট-দক্ষিণ)<br>দক্ষিণ সুরমা, সিলেট<br>মোবাঃ ০১৭৩০-৩১২০৮১ |

জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ